গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
শিল্প সম্পর্ক শিক্ষায়তন
Industrial Relations Institute(IRI)
মিরেরডাঙ্গা, খুলনা
www.iri.khulna.gov.bd

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.২০৪.২৫.০৩৪.২৪.৪৮২

তারিখ: ১৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ০৪ (চার) সপ্তাহ মেয়াদী শ্রম আইন বিষয়ক ৮৩ তম "শিল্প সম্পর্ক" প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম অধিদপ্তরাধীন শিল্প সম্পর্ক শিক্ষায়তন (আই.আর.আই), খুলনা বাংলাদেশ শ্রম আইন-২০০৬ (সংশোধিত, ২০১৮) এর ৩৪৮(৬) ধারার বিধান মতে এ আইনের উপর মালিক, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শ্রমিক ও শ্রমিক প্রতিনিধিগণকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে এ দপ্তরের অধিক্ষেত্রে (খুলনা ও বরিশাল বিভাগ) সরকার কর্তৃক নির্ধারিত "উপযুক্ত কর্তৃপক্ষ"। এ শিক্ষায়তন শিল্প এবং প্রতিষ্ঠানে শৃঙ্খলা ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রেখে নিরবচ্ছিন্ন উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে বিভিন্ন শিল্প কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে বাংলাদেশ শ্রম আইন এবং শ্রম বিধিমালা, শ্রম প্রশাসন, শ্রম পরিদর্শন, শ্রমমান, আইএলও কনভেনশন, শ্রম অর্থনীতি, শিল্প সম্পর্ক ও শৃঙ্খলা বিধি, শ্রম কল্যাণ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, কর্মপরিবেশ, পেশাগত দায়িত্ব, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, বিশ্বায়ন, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, অটিজম, মাদকের কুফল ও করণীয়, জনসংখ্যা সমস্যা ও সমাধান, নারী ও শিশু নির্যাতন দমন আইন, তথ্য অধিকার আইন-২০০৯, কর্মক্ষেত্রে জেন্ডার ভিত্তিক সহিংসতা, জাতীয় শুদ্ধাচার কৌশল নীতিমালা, ৪র্থ শিল্প বিপ্লব প্রভৃতি বিষয়ক নিয়মিত ০৪ (চার) সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে থাকে। বাংলাদেশ শ্রম আইন-২০০৬ (সংশোধিত-১৮) এর ৩৪৮ ধারায় শ্রম আইনের উপর প্রশিক্ষণের বিধান এবং একই আইনের ৭৯(ক) ধারার বিধান মতে কর্মক্ষেত্রে শ্রমিকের পেশাগত স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করণের জন্য প্রত্যেক শ্রমিককে কাজের ঝুঁকি সম্পর্কে প্রশিক্ষণের মাধ্যমে সচেতন করা বাধ্যতামূলক করা হয়েছে।

২.০। এ দপ্তরে ০৪ (চার) সপ্তাহ মেয়াদি শ্রম আইন বিষয়ক ৮৩ তম **"শিল্প সম্পর্ক"** কোর্স **আগামী ০২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখ হতে ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে।** অনুষ্ঠিতব্য কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করার জন্য আপনার প্রতিষ্ঠানের প্রশাসনিক বা ব্যবস্থাপনামূলক কাজে দায়িত্বপ্রাপ্ত ০১ (এক) জন এবং সাধারণ শ্রমিক বা কর্মচারী বা শ্রমিক নেতৃবৃন্দের মধ্য থেকে ০১ (এক) জনসহ সর্বমোট ০২ (দুই) জনকে মনোনয়ন দিয়ে সংযুক্ত ছক অনুযায়ী প্রশিক্ষণার্থীদের তথ্য আগামী **২৩ জানুয়ারি, ২০২৫ খ্রি.** তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

সকল সংযুক্তিসমূহ:
(১) ৮৩ তম আইর কোর্সের পত্রের ২য় অংশ

২৯-১২-২০২৪
এস,এম, ফারুক আহমেদ
উপ-পরিচালক
০২৪৭৭৭৩২৯২৬
irikhulna@gmail.com

প্রধান প্রকৌশলী, খুলনা বিদ্যুৎ কেন্দ্র, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, খালিশপুর, খুলনা।

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.২০৪.২৫.০৩৪.২৪.৪৮২/১ (৩)

তারিখ: ১৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ / ২৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর ।
২। সভাপতি/সাধারণ সম্পাদক, জাতীয় বিদ্যুৎ শ্রমিক ইউনিয়ন, খুলনা বিদ্যুৎ কেন্দ্র, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, খালিশপুর, খুলনা।
৩। অফিস কপি।

২৯-১২-২০২৪
এস,এম, ফারুক আহমেদ
উপ-পরিচালক